দুনিয়ার মজদুর এক হও!

# জাতীয় শ্রমিক ফেডারেশন

**JATIYO SRAMIK FEDERATION**

রেজি নং-বাজাফে- ০১

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ৯৫৫৮৫৪৫

31/F, Topkhana Road, Dhaka-1000. Phone : +88-02-9567975, Fax : +88-02-9558545

তারিখ : ১৭ এপ্রিল, ২০২১

## প্রেসবিজ্ঞপ্তি

### বাঁশখালী তাপ বিদ্যুৎ কেন্দ্রে শ্রমিকদের উপর পুলিশের গুলিবর্ষণ ও চারজন শ্রমিক হত্যার নিন্দা

---- ***জাতীয় শ্রমিক ফেডারেশন***

জাতীয় শ্রমিক ফেডারেশনের ভারপ্রাপ্ত সভাপতি কামরূল আহসান ও সাধারণ সম্পাদক আমিরুল হক আমিন আজ এক বিবৃতিতে চট্টগ্রামের বাঁশখালী তাপ বিদ্যুৎ কেন্দ্রে বকেয়া বেতনের দাবিতে আন্দোলনরত শ্রমিকদের উপর পুলিশের গুলিবর্ষণ, চারজন শ্রমিককে হত্যা ও ৩০ জনের বেশি আহত করার ঘটনায় গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানিয়েছেন। আজ একবিবৃতিতে তারা বলেন, দ্বিতীয় পর্যায়ে করোনা প্রকোপ বৃদ্ধি পাওয়া ও মৃত্যুর মিছিল বৃদ্ধির মধ্যেও শ্রমিকরা কঠোর লকডাউনেও স্বাস্থ্যঝুঁকি নিয়ে উৎপাদন ব্যাবস্থা অব্যাহত রাখায় সচেষ্ট তখন ‘এসআলম গ্রুপের’মালিকানাধীন” প্রতিষ্ঠানটি নির্বিচারে শ্রমিকদের খুন করলো, এটা নির্মমতা। বিবৃতিতে তারা, পুলিশের গুলিবর্ষণে নিহত শ্রমিকদের ক্ষতিপুরণ, আহতদের চিকিৎসা, গ্রেফতার হয়রানি বন্ধ এবং ঘটনার বিচার বিভাগীয় তদন্ত ও দায়ীদের শাস্তি দাবী করেন। নেতৃবৃন্দ শ্রমিকদের বকেয়া পাওনা অবিলম্বে পরিশোধের দাবী জানিয়েছেন

বার্তাপ্রেরক

এম দেলওয়ার

(এম.দেলওয়ার হোসেন)